অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/30/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল লুমিনেট NY অ্যাক্সিলেটর প্রতিযোগিতার রাউন্ড 4 এর বিজয়ীদের নাম ঘোষণা করেছেন

প্রিঅ্যাক্ট টেকনোলজিসকে (PreAct Technologies) শীর্ষ সম্মান প্রদান করা হয়েছে এবং 1 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে বিনিয়োগে; আরো চারটি সংস্থা ফলো-অন অর্থায়ন বিনিয়োগ প্রাপ্ত হয়েছে

10 জানুয়ারী, 2022 পর্যন্ত অপটিক্স, ফোটোনিকস এবং ইমেজিং প্রতিযোগিতার রাউন্ড 5 এর জন্য এখন আবেদন গ্রহণ করা হচ্ছে

NYS এর এই বিনিয়োগ "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড'" এর পরিপূরক - যা সমাজগুলিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের বিস্তৃত কৌশল

গভর্নর ক্যাথি হোচুল আজ প্রিঅ্যাক্ট টেকনোলজিসকে লুমিনেট NY অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং স্টার্টআপ এক্সিলারেটর প্রতিযোগিতার 4 রাউন্ডের বিজয়ী হিসাবে ঘোষণা করেছেন। পোর্টল্যান্ড, ওরেগনে অবস্থিত প্রিঅ্যাক্ট টেকনোলজিস লুমিনেট ফাইনালস 2021 এ "কোম্পানি অফ দ্য ইয়ার" পুরস্কার পেয়েছে, যা ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়েছিল এবং অপটিকার দ্বারা স্পনসর করা হয়েছিল, পূর্বে যার নাম ছিল দ্য অপটিক্যাল সোসাইটি। ফিঙ্গার লেকস ফরওয়ার্ড আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে সংস্থাটি নিউ ইয়র্ক স্টেট থেকে বিনিয়োগের জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার পাবে। পুরষ্কারের প্রয়োজন অনুযায়ী, প্রতিযোগিতার সমস্ত বিজয়ীকে অন্তত পরবর্তী 18 মাসের জন্য রচেস্টারে তাদের ক্রিয়কলাপ স্থাপন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে। প্রিঅ্যাক্ট টেকনোলজিস নিউ ইয়র্ক রাজ্যে উৎপাদন প্রতিষ্ঠা করার পরিকল্পনা করেছে।

লুমিনেট NY, যা নেক্সটকর্পস (NextCorps) দ্বারা পরিচালিত হয়, অপ্টিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং (OPI) সক্ষম প্রযুক্তি আছে এমন উদীয়মান কোম্পানিগুলির জন্য বিশ্বের সব চেয়ে বড় ব্যবসার এক্সিলারেটর।

"লুমিনেট NY এর বিনিয়োগ অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিংয়ে বিশ্বব্যাপী নেতা হিসাবে নিউ ইয়র্কের স্বাতন্ত্র্য বজায় রাখার প্রতিশ্রুতি প্রতিফলিত করে," **গভর্নর হোচুল বলেন।** "আমাদের রাজ্য OPI-তে বৌদ্ধিক সম্পত্তির বাণিজ্যিকীকরণের জন্য এক জাতিয় নেতা, এবং এই বিজয়ী

সংস্থাগুলি ফিঙ্গার লেকের OPI শিল্পের বিকাশের ক্ষেত্রে আরো অবদান রাখবে এবং এই অঞ্চলের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাবে।"

প্রিঅ্যাক্ট টেকনলজিস এর লক্ষ্য সংঘর্ষ এড়ানোর ব্যবস্থা এবং সক্রিয় নিরাপত্তা প্রযুক্তির মধ্যে ব্যবধান দূর করা। এর ট্রুসেন্স সেন্সরগুলি গাড়ির আসনগুলির কৌণিকভাবে সরিয়ে দেওয়া সম্ভব করে, আরো আগে এয়ারব্যাগগুলি কাজে লাগায়, এবং আঘাত এবং মৃত্যু ব্যাপকভাবে হ্রাস করার জন্য দুর্ঘটনার ঠিক আগে গাড়ির সাসপেনশন তুলে দেয়। সিস্টেমটি দ্রুত রাডার, আল্ট্রাসাউন্ড এবং ক্যামেরার মতো সমস্ত স্বল্প পরিসরের সেন্সরগুলি প্রতিস্থাপন করবে - একটি 30 বিলিয়ন/বছরের বাজার - যা ADAS, নিজে গাড়ি চালানো এবং সুবিধার বৈশিষ্ট্যগুলির জন্য ব্যবহৃত হয়।

প্রিঅ্যাক্ট টেকনোলজিসের সিইও পল ড্রিস বলেন, "অত্যন্ত নির্দিষ্ট অপটিক্স এবং ফোটোনিক্স ইঞ্জিনিয়ারিং প্রতিভা নিয়োগে সাহায্য করার জন্য, আমাদের অনন্য ক্যামেরাগুলি তৈরি করতে পারে এমন স্থানীয় সংস্থাগুলি খুঁজে পেতে এবং সব ক্ষেত্রে আমাদের ব্যবসায়িক ক্রিয়াকলাপকে পরিমার্জিত করতে সহায়তা করার সাথে লুমিনেট NY-তে আমাদের ক্রিয়কলাপ স্থাপন করার সুবিধাগুলি আমাদের কাছে তুলে ধরেছে। আমি এর চেয়ে ভালো একটি এক্সিলারেটর প্রোগ্রাম কল্পনা করতে পারি না।"

প্রিন্সটন, NJ-তে অবস্থিত অ্যান্ডলুকা টেকনোলজিস আউটস্ট্যান্ডিং গ্র্যাজুয়েট অ্যাওয়ার্ড এবং ফলো-অন ইনভেস্টমেন্টে 400,000 প্রাপ্ত হয়। এটির ওয়্যারলেস স্মার্ট গ্লাস সিস্টেম - যা স্বচ্ছ সৌর প্রযুক্তি ব্যবহার করে আল্ট্রাভায়োলেট (UV) আলোকে বিদ্যুতে রূপান্তরিত করতে নির্দিষ্টভাবে এবং দক্ষতার সাথে - তা ভবনের শক্তির ব্যবহার 40% পর্যন্ত কমিয়ে দিতে পারে এবং উল্লেখযোগ্যভাবে বাসিন্দাদের আরাম এবং উত্পাদনশীলতা বাড়ায়। দুটি ম্যাসাচুসেটসের সংস্থা, মেসোডাইন (সোমারভিল, MA) এবং ডাইনোকার্ডিয়া (কেমব্রিজ, MA) বিশিষ্ট স্নাতক পুরস্কার অর্জন করে এবং প্রত্যেকে 250,000 মার্কিন ডলার প্রাপ্ত হয়। মেসোডাইন একটি নতুন ধরনের পাওয়ার জেনারেটর তৈরি করছে যা জ্বালানীকে আলোর মাধ্যমে বিদ্যুতে রূপান্তর করে। জেনারেটরটি নি:শব্দে কাজ করে এবং এর কোন চলনশীল অংশ নেই, যে কোন জ্বালানিতে কাজ করে এবং এর লিথিয়াম আয়ন ব্যাটারির চেয়ে 10 গুণ বেশি শক্তির ঘনত্ব আছে। ডাইনোকার্ডিয়ার ভিট্র্যাক হল প্রথম কাফ-লেস, কব্জিতে পরিধানযোগ্য প্রযুক্তি যা ইন্টরা-আর্টারিয়াল লাইনের মত নির্ভুলতার সাথে BP এর সরাসরি, বীট-টু-বিট পরিমাপ প্রদান করে। রচেষ্টার নিউ ইয়র্কের আউল অটোনমাস ইমেজিং অনারেবল অ্যাচিভমেন্ট এবং অর্থায়ন বাবদ 200,000 মার্কিন ডলার প্রাপ্ত হয়। এর পেটেন্ট করা 3D থার্মাল রেঞ্জার HD থার্মাল ইমেজিং প্রদান করে নিঁখুত রেনজিং সহ, যা LiDAR এর চেয়ে 200x বেশি রেজোলিউশন এবং ক্লাউড ডেন্সিটির উন্নতির প্রতিনিধিত্ব করে।

OPI শিল্প এবং ভেঞ্চার ক্যাপিটালিস্ট কমিউনিটির বিচারকদের একটি প্যানেল তাদের ব্যবসায়িক পিচের উপর ভিত্তি করে অংশগ্রহণকারী সংস্থাগুলিকে স্কোর করার পর আজ বিনিয়োগগুলি প্রদান করা হয়েছিল। ভার্চুয়াল ইভেন্টে 500-রও বেশি অংশগ্রহণকারীরা তাদের পছন্দের সংস্থাকে ভোট দেওয়ারও সুযোগ পেয়েছিলেন। লেয়ার মেট্রিক্স ইনকর্পোরেটেড (Layer

Metrics, Inc.) অড্রিয়েন্স চয়েসের 10,000 মার্কিন ডলার প্রায়ত হয় নির্মাণের সময় লেয়ার-বাই-লেয়ার, আংশিক অখণ্ডতা প্রত্যয়িত করে নির্ভরযোগ্য ধাতু সংযোজন উৎপাদন সক্ষম করছে।

লেয়ার মেট্রিক্স ইনকর্পোরেটেডের সিইও ক্লেয়ার মারফি বলেন, "লুমিনেট আমাদের স্থানীয় বাস্তুতন্ত্রের সাথে সমন্বয় স্থাপন, ইঞ্জিনিয়ারিং এবং ডেভেলপমেন্ট সহায়তার অ্যাক্সেস, মূল কর্মী সনাক্তকরণ, কৌশলগুলির সাথে সংযোগ স্থাপন, বাজারের স্থান অর্জন এবং রাজস্ব নিয়ে আসতে সাহায্য করেছে।"

প্রতিষ্ঠার পর থেকে লুমিনেট NY 41-টি স্টার্টআপে 12.4 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। পোর্টফোলিওতে থাকা সংস্থাগুলি মিলে এখন 350 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি মোট সম্পদ ভাগ করে। বিনিয়োগে আনুমানিক 1.5 থেকে 2 গুণ রিটার্ন প্রদানের পাশাপাশি, অনেক সংস্থা রোচেস্টার অঞ্চলে মার্কিন অপারেশন বা গবেষণা ও উৎপাদনের কিছু দিক প্রতিষ্ঠা করছে, যার ফলে 150-টি চাকরি তৈরি হয়েছে (100-টি পূর্ণকালীন এবং 20-টি চুক্তির অধীনে পদ), দুটি সংস্থার থেকে অদূর ভবিষ্যতে আরো 120-টি চাকরি তৈরি হবে বলে আশা করা হচ্ছে।

ড: সুজাতা রামানুজন, ব্যবস্থাপনা পরিচালক, লুমিনেট NY, বলেন, "লুমিনেট NY বিশ্ব জুড়ে সংস্থাগুলিকে ফিঙ্গার লেকস অঞ্চলে নিয়ে আসছে যাতে তারা তাদের ব্যবসা এবং প্রযুক্তিকে আরও উন্নত করার জন্য আমাদের কাছে যে সমৃদ্ধ সংস্থান আছে তা কাজে লাগাতে পারে। এই বাস্তুতন্ত্র তাদের এক মার্কিন উপস্থিতি প্রতিষ্ঠা করার আকাঙ্ক্ষা এবং তারা যে শিল্পে কাজ করে তাতে বৈশ্বিক উপস্থিতির লক্ষ্যকে সমর্থন করে।"

লুমিনেট NY এক্সিলারেটর রোচেস্টারে অবস্থিত এবং প্রতি বছর দশটি সম্ভাবনাময় সংস্থাকে তার ছয় মাসের প্রোগ্রামে অংশগ্রহণ করার জন্য নির্বাচন করে। এই সময়ে, সংস্থাগুলিকে তাদের প্রযুক্তি এবং ব্যবসাগুলিকে অগ্রসর করতে ব্যাপক প্রশিক্ষণ এবং সংস্থান প্রদান করা হয়। এখন রাউন্ড 5 এর জন্য 10 জানুয়ারী, 2022 পর্যন্ত আবেদন গ্রহণ করা হচ্ছে। কোভিড 19 এর ফলে হওয়া প্রতিবন্ধকতাগুলির কারণে, লুমিনেট তার অংশগ্রহণের আবশ্যকতাগুলি সামঞ্জস্য করেছে। যে দলগুলি ছয় মাসের প্রোগ্রামের জন্য রচেস্টারে শারীরিকভাবে অবস্থিত করতে পারে তারা 2022 সালের এপ্রিল মাসে প্রোগ্রাম শুরু হওয়ার পরে 100,000 মার্কিন ডলার অর্থায়ন পাবে। ভ্রমণ এবং ভিসার সীমাবদ্ধতার কারণে যে দলগুলি রোচেস্টারে অবস্থিত হতে পারবে না তারা প্রোগ্রাম শুরু হওয়ার সময় 50,000 মার্কিন ডলার অর্থায়ন পাবে এবং অতিরিক্ত 50,000 মার্কিন ডলার পাবে যা ব্যবহার করতে হবে ফিঙ্গার লেক অঞ্চলের সংস্থানগুলি কাজে লাগাতে এক্সিলারেটরে তাদের থাকার সময়ে।

গত বছরের বিজয়ী, সানডেনসিটি (SunDensity), রোচেস্টারে তার পাইলট, হাই-টেক নির্মাণ কেন্দ্র প্রতিষ্ঠা করার জন্য অঙ্গীকার করেছে, যা 60-টি চাকরি সৃষ্টি করবে বলে আশা করা হয়।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) চিফ অপারেটিং অফিসার এবং একজিকিউটিভ ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন, "লুমিনেট NY এর উদ্ভাবনী প্রতিযোগিতা এবং কৌশলগত বিনিয়োগ অপটিক্স, ফোটোনিকস এবং ইমেজিং

শিল্পে নিউ ইয়র্ক রাজ্যের বৈশ্বিক নেতৃত্বকে শক্তিশালী করছে - যার জন্য দায়ী এই উচ্চ-প্রযুক্তির সেক্টরে সংখ্যালঘু এবং মহিলা উদ্যোক্তাদের জন্য তৈরি করা চমৎকার সুযোগ। চতুর্থ রাউন্ড জেতার জন্য প্রিঅ্যাক্ট টেকনোলজিসকে অভিনন্দন এবং আমরা ফিঙ্গার লেকস অঞ্চলের ক্রমবর্ধমান OPI হাবের উপর এই অগ্রগতিশীল সংস্থাগুলির প্রভাব কি হবে তা দেখার জন্য উন্মুখ।"

রাজ্য সিনেটর জেরেমি কুনি বলেন, "আমাদের অঞ্চলের প্রতি গভর্নর হোচুলের অঙ্গীকারবদ্ধতা এবং লুমিনেট NY এর স্টার্ট আপ অ্যাক্সিলারেটর প্রতিযোগিতার মতো কর্মসূচীর জন্য রচেস্টার অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং এ অগ্রণী থাকবে। আমাদের অঞ্চলে বিনিয়োগ উদ্ভাবনকে উৎসাহিত করবে এবং আরও অর্থনৈতিক উন্নয়নের দিকে পরিচালিত করবে। আমরা প্রিঅ্যাক্ট টেকনোলজিসকে আমাদের সম্প্রদায়ের স্বাগত জানাতে পেরে উচ্ছ্বাসিত এবং তাদের দীর্ঘমেয়াদী সাফল্য দেখার জন্য উন্মুখ।"

রাজ্য সংসদের সদস্য হ্যারি ব্রনসন বলেন, "লুমিনেট নিউ ইয়র্ক লাইটিং অ্যাওয়ার্ডের আজকের চতুর্থ রাউন্ডের বিজয়ীদের অভিনন্দন। আমি জানি যে আজকের বিজয়ীরা এবং তাদের উদ্যোক্তা মনোভাব এমন প্রকল্প তৈরি করবে যা আমাদের রাজ্য ও জাতির জন্য চাকরি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির ভবিষ্যৎ প্রদান করবে। এই পুরস্কার আমাদের পরিবারের উজ্জ্বল ভবিষ্যৎ গড়তে সাহায্য করে।"

মনরো কাউন্টির একজিকিউটিভ অ্যাডাম বেলো বলেন, "লুমিনেট NY উদ্যোগ আমাদের উচ্চ-প্রযুক্তির অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং শিল্পে গুরুত্বপূর্ণ বৃদ্ধি ঘটায়। আজ ঘোষিত রাউন্ড 4 এর বিজয়ীরা আরও প্রমাণ করে যে মনরো কাউন্টি আলো-ভিত্তিক পণ্য ও পরিষেবার খাতে বৈশ্বিক নেতা হতে প্রস্তুত। আমি গভর্নর হোচুল, এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট আমাদের অঞ্চলের সম্ভাবনায় বিনিয়োগের জন্য ধন্যবাদ জানাই এবং প্রিঅ্যাক্ট টেকনলজিস, অ্যান্ডলুকা টেকনলজিস, মেসোডাইন, ডাইনোকার্ডিও এবং আউল অটোনমাসকে অভিনন্দন জানাই।"

অপটিকার প্রধান নির্বাহী আধিকারিক এলিজাবেথ রোগান বলেন, "আমরা স্পন্সর হিসেবে লুমিনেট NY এর ফাইনাল প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পেরে উচ্ছ্বসিত ছিলাম। এটি অপটিক্স এবং ফোটোনিক্স সম্প্রদায়ের জন্য একটি গুরুত্বপূর্ণ প্রোগ্রাম, এবং OPI-তে অভিনবত্বকে সমর্থন করা অপটিকার জন্য একটি প্রধান অগ্রাধিকার।"

লুমিনেট NY সম্পর্কে আরো তথ্যের জন্য, Luminate.org এ যান।

নেক্সটকর্পস সম্পর্কে আরো তথ্যের জন্য, NextCorps.org এ যান।

ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করা
আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সামাজিক উন্নয়নের জন্য এই অঞ্চলের বিস্তৃত ব্লুপ্রিন্ট। এই অঞ্চল এখন আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেটের বিনিয়োগ দিয়ে

ফিঙ্গার লেকস রাইজিংকে ত্বরান্বিত করছে, যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015 এ ঘোষণা করেছিলেন। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ ব্যক্তিগত ব্যবসাগুলোকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশ বেশি বিনিয়োগ করতে উৎসাহিত করবে - এবং এই অঞ্চলের জমা দেওয়া পরিকল্পনা অনুযায়ী 8,200টি পর্যন্ত নতুন চাকরির ব্যবস্থা হবে। আরো তথ্য এখানে উপলব্ধ।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) মিশন একটি জোরালো এবং ক্রমবর্ধমান অর্থনীতির প্রচার, নতুন চাকরির সৃষ্টি এবং অর্থনৈতিক সুযোগ তৈরি, রাজ্য এবং তার পৌরসভাগুলির রাজস্ব বৃদ্ধি, এবং স্থিতিশীল এবং বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জনে উৎসাহিত করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং আর্থিক সহায়তার অন্যান্য ধরণগুলি ব্যবহার করে, ESD ব্যক্তিগত ব্যবসার বিনিয়োগ সমৃদ্ধ এবং বৃদ্ধি করে নিউ ইয়র্ক স্টেট জুড়ে চাকরী তৈরি করতে এবং সমৃদ্ধ সম্প্রদায়গুলিকে সমর্থন করতে। ESD এছাড়াও আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল এবং স্টেটের বহু-পরিচিত পর্যটন ব্র্যান্ড "আই লাভ নিউ ইয়র্ক" এর মূল তত্ত্বাবধায়ক প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক পরিষদ এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরও তথ্যের জন্য, https://regionalcouncils.ny.gov এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন